সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৭৬]

পর্ব-১২: তাত্বীক্ব (রুকূ'তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ১০৪: তাশাহ্হুদের আরেক প্রকার

نَوْعٌ آخَرُ مِنْ التَّشَهُّدِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قال: حَدَّثَنَا الْمُعْتَمِرُ، قال: سَمِعْتُ أَيْمَنَ وَهُوَ ابْنُ نَابِلٍ، يَقُولُ: حَدَّثَنِي أَبُو الزُّبَيْرِ، عَنْجَابِرٍ، قال: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعَلِّمُنَا التَّشَهُّدَ كَمَا يُعَلِّمُنَا السُّورَةَ مِنَ الْقُرْآنِ بِسْمِ اللَّهِ وَبِاللَّهِ التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ أَسْأَلُ اللَّهَ الْجَنَّةَ وَأَعُوذُ بِاللَّهِ مِنَ النَّارِ .

تخریج دارالدعوہ: سنن ابن ماجہ/الإقامة ۲۴ (۹۰۲)، (تحفة الأشراف: ۲۶۶۵)، ویأتی عند المؤلف برقم: ۱۲۸۲ (ضعیف) (اس کے راوی ”أیمن“ حافظہ کے کمزور ہیں، اور کسی نے اس پر ان کی متابعت نہیں کی ہے، دیکھئے اس حدیث پر خود مؤلف کا کلام حدیث رقم: ۱۲۸۲)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1176 ـ ضعيف

বাংলা

১১৭৫. মুহাম্মাদ ইবনু 'আবদুল আ'লা (রহ.) ..... জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) আমাদের তাশাহ্হুদ শিখাতেন যেভাবে আমাদের কুরআনের সূরাহ্ শিখাতেন। (তিনি বলতেন,) - “বিসমিল্লা-হি ওয়াবিল্লা-হি আত্তাহিয়্যাতু লিল্লা-হি ওয়াস্ সালাওয়া-তু ওয়াত্ব ত্বইয়িবা-তু, আস্সালা-মু 'আলায়কা আইয়্যুহান নাবিয়ু, ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকা-তুহ। আস্সালা-মু আলায়না- ওয়া 'আলা'-ইবা-দিল্লা-হিস স-

লিহীন, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রসূলুহ; আসআলুল্ল-হাল জান্নাতা ওয়া আ'উযু বিল্লাহি মিনান্না-র।"
(আল্লাহর নামে ও আল্লাহর শপথ! সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর শান্তি এবং আল্লাহর রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের ওপর শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা'বুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তার বান্দা ও রসূল। আমি আল্লাহর নিকট জান্নাত চাই এবং জাহান্নাম থেকে আমি আল্লাহর নিকট আশ্রয় চাই।)।
*আত্তাহিয়াতুর শব্দগুলো বিভিন্নভাবে বর্ণিত হয়েছে তার মধ্যে এটিও একটি; একেক সময় একেকটি পড়া সুন্নাত। তবে যদি কোন একটি সব সময় পড়ে তাতে কোন অসুবিধা নেই।

English

104. Another Version Of The Tashahhud

It was narrated that Jabir said: The Messenger of Allah (ﷺ) used to teach us the tashahhud just as he would teach us a surah of the Quran: Bismillah, wa billahi. At-tahiyyatu lillahi was-salawatu wat-tayyibat, as-salamu 'alaika ayyuhan-Nabiyyu wa rahmatAllahi wa baraktuhu. As-salamu 'alaina wa 'ala 'ibad illahis-salihin, ashahdu an la illaha ill-Allah wa ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluhu. A'sal Allahal-jannah wa a'udhu Billahi min an-nar (Allah compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you, O Prophet, and the mercy of Allah (SWT) and his blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah (SWT). I bear witness that none has the right to be worshipped except Allah and I bear witness that Muhammad is His slave and Messenger. I ask Allah for Paradise and I seek refuge with Allah from the Fire).'

ফুটনোট

হাসানঃ ইবনু মাজাহ ৯০২। শায়খ আলবানী (রহ.) হাদীসটিকে য'ঈফ বলেছেন: ইবনু মাজাহ ৯০২।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87549

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন